বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
অতিরিক্ত প্রধান প্রকৌশল (পুর), প্রশিক্ষন ও মানব সম্পদ উন্নয়ন
এর দপ্তর
পানি ভবন, ৭২,গ্রীন রোড, ঢাকা-১২০৫।
www.bwdb.gov.bd

**নম্বর:** ৪২.০১.০০০০.০২৮.০৬.০০১.২১.২১

তারিখ: ২২ জ্যৈষ্ঠ ১৪৩১ বঙ্গাব্দ
০৫ জুন ২০২৪ খ্রিস্টাব্দ

## বিজ্ঞপ্তি/নোটিশ

বিষয়: **"সেবা প্রদান প্রতিশ্রুতি (Citizen Charter) বিষয়ক পরিবীক্ষন কমিটি " এর ২০২৩-২৪ অর্থ-বছরের ৪র্থ ত্রৈমাসিক সভা আয়োজন প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের "সেবা প্রদান প্রতিশ্রুতি (Citizen Charter) বিষয়ক পরিবীক্ষন কমিটি " এর ২০২৩-২৪ অর্থ-বছরের ৪র্থ ত্রৈমাসিক বৈঠক আগামী ৬/০৬/২০২৪ খ্রিঃ রোজ বৃহস্পতিবার সকাল ১০.৩০ ঘটিকায় অতিঃ প্রধান প্রকৌশলী (পুর), প্রশিক্ষণ ও মানব সম্পদ উন্নয়ন মহোদয়ের কক্ষে (পানি ভবন, লেভেল-১, রুম-১০৭) অনুষ্ঠিত হবে। এতে সভাপতিত্ব করবেন উক্ত কমিটির আহ্বায়ক জনাব মোঃ ওয়াহিদ হোসেন; অতিঃ প্রধান প্রকৌশলী (পুর), প্রশিক্ষণ ও মানব সম্পদ উন্নয়ন এর দপ্তর, বাপাউবো, ঢাকা এবং ফোকাল পয়েন্ট কর্মকর্তা, বাপাউবো সেবা প্রদান প্রতিশ্রুতি। সঞ্চালনা করবেন কমিটির সদস্য-সচিব জনাব মোঃ মঈনুল ইসলাম; সহকারী পরিচালক (প্রশাসন), প্রশিক্ষণ ও মানব সম্পদ উন্নয়ন, বাপাউবো, ঢাকা। উক্ত পরিবীক্ষন কমিটির কর্মকর্তাদের যথাসময়ে সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ জানানো হলো।

**সভার আলোচ্যসূচিঃ**
০১. বাপাউবো'র সেবা প্রদান প্রতিশ্রুতি (Citizen Charter) হালনাগাদকরন।
০২. বিবিধ।

০৫-০৬-২০২৪
মোঃ ওয়াহিদ হোসেন
অতিরিক্ত প্রধান প্রকৌশলী

### বিতরণ জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। পরিচালক (বোর্ড), বোর্ড সচিবালয়, বাপাউবো, ঢাকা এবং বিকল্প ফোকাল পয়েন্ট, বাপাউবো সেবা প্রদান প্রতিশ্রুতি;
২। সিএসও টু মহাপরিচালক, মহাপরিচালক-এর দপ্তর, বাপাউবো ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য);
৩। সিনিয়র সিস্টেম এনালিষ্ট, কেন্দ্রীয় আইসিটি পরিদপ্তর, বাপাউবো, ঢাকা ( বিজ্ঞপ্তিটি বোর্ডের ওয়েবসাইটের সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ক সেবা বক্সে আপলোডের জন্য অনুরোধ জানানো হলো);
৪। উপ-পরিচালক, প্রশিক্ষণ পরিদপ্তর, বাপাউবো, ঢাকা এবং কমিটির সদস্য। এবং
৫। ব্যক্তিগত সহকারী, অতিরিক্ত মহাপরিচালক (প্রশাসন), বাপাউবো, ঢাকা।

বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
অতিরিক্ত প্রধান প্রকৌশল (পুর), প্রশিক্ষন ও মানব সম্পদ উন্নয়ন
এর দপ্তর
পানি ভবন, ৭২,গ্রীন রোড, ঢাকা-১২০৫।
www.bwdb.gov.bd

**বিগত ৬ জুন ২০২৪ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত ২০২৩-২৪ অর্থবছরের সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত পরিবীক্ষণ কমিটির ৪র্থ ত্রৈমাসিক (এপ্রিল-জুন/২৪) সভার কার্যবিবরণী**

---

| | |
|---|---|
| সভাপতি | মোঃ ওয়াহিদ হোসেন<br>অতিরিক্ত প্রধান প্রকৌশলী |
| সভার তারিখ | ০৬ জুন ২০২৪ খ্রিঃ। |
| সভার সময় | সকাল ১০.৩০ ঘটিকা। |
| স্থান | পানি ভবন, লেভেল ১, রুম নং-১০৭ |
| উপস্থিতি | সংযুক্তি ১ সদয় দ্রস্টব্য। |

সভাপতি উপস্থিত সদস্যগণকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভার উপস্থিতি**সংযুক্তি ০১** সদয় দ্রষ্টব্য।সভার শুরুতে সভাপতি মহোদয় বাপাউবো'র সিটিজেন চার্টারে বর্ণিত সেবাসমূহের বিষয়ে আলোকপাত করেন এবং মন্ত্রীপরিষদ বিভাগ কর্তৃক জারিকৃত সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা বাস্তবায়ন ও মূল্যায়ন নির্দেশিকা ২০২৩-২০২৪ এ অত্র অর্থ-বছরের জন্য বর্ণিত কার্যক্রমের ব্যাপারে মতামত উপস্থাপন করেন। অতঃপর কমিটির সদস্য, জনাব খন্দকার আবু সাইদ, উপ-পরিচালক (প্রশাসন) বাপাউবো'র সেবা প্রদান প্রতিশ্রুতি (Citizen Charter) হালনাগাদকরণের ব্যাপারে তাঁর বক্তব্য উপস্থাপন করেন। অতঃপর সভাপতি মহোদয় বাপাউবো'র সেবা প্রদান প্রতিশ্রুতি (Citizen Charter) তে দায়িত্বপ্রাপ্ত দপ্তরসমূহ সেবা প্রদান প্রতিশ্রুতি অনুযায়ী সেবা প্রদান করছে কি না তা পরিবীক্ষনের ব্যাপারে বক্তব্য উপস্থাপন করেন। অত্র কমিটির সদস্য-সচিব জনাব মোঃ মঈনুল ইসলাম, সহকারী পরিচালক (প্রশাসন), প্রশিক্ষণ ও মানব সম্পদ উন্নয়ন, বাপাউবো, ঢাকা জোন/অঞ্চল পর্যায়ের সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ক সকল কার্যক্রম আগামী ২২ জুন ২০২৪ খ্রিঃ তারিখের মধ্যে সম্পন্ন পূর্বক স্ব স্ব ওয়েবসাইটে আপলোড করে উক্ত হালনাগাদের তথ্যসমূহ অত্র দপ্তরে প্রেরণের জন্য জোন/অঞ্চল বরাবর তাগিদপত্র প্রেরণের বিষয়ে তার মতামত প্রকাশ করেন। কমিটির সকল সদস্য বিষয়টিতে একমত পোষন করেন। এছাড়া পূর্ববর্তী ত্রৈমাসিকের গৃহীত কার্যক্রমের অণুসরন ও অগ্রগতি বিষয়ে সভায় আলোচনা হয়।

**উল্লিখিত বিষয় সমূহের উপর আলোচনা শেষে সকল সদস্যের সম্মতিক্রমে কমিটি নিম্নবর্ণীত সিদ্ধান্ত গ্রহণ করেঃ**

১। বাপাউবো'র সেবা প্রদান প্রতিশ্রুতি (Citizen Charter) এ বর্ণিত সেবাসমূহের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাদের নাম হালনাগাদ করতে হবে।

২। মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক জারিকৃত সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা বাস্তবায়ন ও মূল্যায়ণ নির্দেশিকা ২০২৩-২৪ এ জোন/অঞ্চল/সার্কেল/বিভাগ পর্যায়ে বর্ণিত সকল কার্যক্রম আগামী ২২ জুন ২০২৪ খ্রিঃ এর মধ্যে সম্পাদনপূর্বক স্ব স্ব ওয়েবসাইটে আপলোড করে উক্ত হালনাগাদের তথ্যসমূহ অত্র দপ্তরে প্রেরণের জন্য জোন/অঞ্চল বরাবর একটি তাগিদপত্র প্রদান করতে হবে।

আর কোন আলোচ্যসূচি না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি মহোদয় সভার সমাপ্তি ঘোষনা করেন।

০৯-০৬-২০২৪
মোঃ ওয়াহিদ হোসেন
অতিরিক্ত প্রধান প্রকৌশলী

তারিখ: ২৬ জ্যৈষ্ঠ ১৪৩১ বঙ্গাব্দ
০৯ জুন ২০২৪ খ্রিস্টাব্দ

**নম্বর:** ৪২.০১.০০০০.০২৮.০৬.০০১.২১.২২

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। পরিচালক (বোর্ড), বোর্ড সচিবালয়, বাপাউবো, ঢাকা এবং বিকল্প ফোকাল পয়েন্ট, বাপাউবো সেবা প্রদান প্রতিশ্রুতি;

২। সিনিয়র সিস্টেম এনালিষ্ট, কেন্দ্রীয় আইসিটি পরিদপ্তর, বাপাউবো, ঢাকা ( কার্যবিবরনীটি বোর্ডের ওয়েবসাইটে সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত সেবাবক্সে আপলোডের জন্য অনুরোধ জানানো হলো);

৩। সিএসও টু মহাপরিচালক, মহাপরিচালক-এর দপ্তর, বাপাউবো, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য);

৪। নির্বাহী প্রকৌশলী (পুর), মানব সম্পদ উন্নয়ন পরিদপ্তর, বাপাউবো, ঢাকা এবং

৫। ব্যক্তিগত সহকারী, অতিরিক্ত মহাপরিচালক (প্রশাসন), বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড।

০৯-০৬-২০২৪
মোঃ ওয়াহিদ হোসেন
অতিরিক্ত প্রধান প্রকৌশলী

**সকল সংযুক্তিসমূহ:**

(১) সংযুক্তি ০১ - সভার হাজিরা

## "সেবা প্রদান প্রতিশ্রুতি (Citizen Charter) পরিবীক্ষণ কমিটি" এর ২০২৩-২৪ অর্থ বছরের ৪র্থ ত্রৈমাসিক সভা

তারিখঃ ০৬ জুন, ২০২৪ ইং।

স্থানঃ অতিঃ প্রধান প্রকৌশলী (পুর), প্রশিক্ষণ ও মানব সম্পদ উন্নয়ন মহোদয়ের কক্ষ (পানি ভবন, লেভেল-১, রুম-১০৭)

### হাজিরা বিবরনী

| নাম ও পদবী | অফিস | স্বাক্ষর |
|---|---|---|
| মোঃ ওয়াহিদ হোসেন<br>অতিরিক্ত প্রধান প্রকৌশলী (পুর)<br>ও<br>ফোকাল পয়েন্ট কর্মকর্তা,<br>বাপাউবো সেবা প্রদান প্রতিশ্রুতি | অতিঃ প্রধান প্রকৌশলী (পুর) এর দপ্তর,<br>প্রশিক্ষণ ও মানব সম্পদ উন্নয়ন<br>বাপাউবো, ঢাকা। | |
| খন্দকার আবু সাইদ<br>উপ-পরিচালক (স্থানীয় প্রশিক্ষণ) | প্রশিক্ষণ পরিদপ্তর<br>বাপাউবো, ঢাকা। | |
| মোঃ মঈনুল ইসলাম<br>সহকারী পরিচালক (প্রশাসন) | অতিঃ প্রধান প্রকৌশলী (পুর) এর দপ্তর,<br>প্রশিক্ষণ ও মানব সম্পদ উন্নয়ন<br>বাপাউবো, ঢাকা। | |